গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
প্রজ্ঞাপন

প্রতিযোগিতা আইন ২০১২ ২০১২ সালের ২৩ নম্বর আইন এর ধারা ৪৩ ও ১১ ১ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল

প্রথম অধ্যায়
প্রারম্ভিক

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন। (১) এই বিধিমালা বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন সভা ও কার্যপদ্ধতি বিধিমালা), ২০১৭ নামে অভিহিত হইবে;

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা। (১) বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালা

(ক) "আইন" অর্থ প্রতিযোগিতা আইন, ২০১২;

(খ) "চেয়ারপার্সন" অর্থ কমিশনের চেয়ারপার্সন;

(গ) "কমিশন" অর্থ ধারা ৫ এর উপধারা (১) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন;

(ঘ) "সদস্য" অর্থ কমিশনের সদস্য;

(ঙ) "সচিব" অর্থ কমিশনের সচিব যিনি আইনের ১২ ধারার ১ উপধারা মোতাবেক সরকার কর্তৃক নিয়োগপ্রাপ্ত হইবেন; এবং চেয়ারপার্সন কর্তৃক অনুমোদিত কমিশনের একজন কর্মকর্তাকেও বুঝাইবে।

(চ) "কর্মদিবস" অর্থ সাপ্তাহিক অথবা সরকার ঘোষিত অন্য কোন ছুটির দিন ব্যতিরেকে অন্য দিনগুলি বুঝাইবে;

(ছ) "সভা" অর্থ কমিশনের সাধারণ/জরুরী সভা।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই সে সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থ ব্যবহৃত হইয়াছে সেই অর্থ প্রযোজ্য হইবে।

দ্বিতীয় অধ্যায়
কমিশনের সভা অনুষ্ঠান

৩। কমিশনের সাধারণ সভা অনুষ্ঠান ও তারিখ নির্ধারণ। (১) প্রতি ০৪ (চার) মাসে কমিশনের কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে;

(২) চেয়ারপার্সন কমিশনের সভায় সভাপতিত্ব করিবেন এবং তাঁর অনুপস্থিতিতে সভায় উপস্থিত সদস্যবৃন্দ কর্তৃক নির্বাচিত কোন সদস্য সভাপতিত্ব করিবেন;

(৩) চেয়ারপার্সন সভার তারিখ, সময় ও স্থান নির্ধারণ করিবেন;

(৪) কমিশনের সভা সাধারণত প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হইবে।

৪। সভার কোরাম ও ভোটাধিকার। (১) চেয়ারপার্সন ও অন্যূন ২ (দুই) জন সদস্যের উপস্থিতিতে কমিশন সভার কোরাম গঠিত হইবে;

(২) কমিশনের সভায় সিদ্ধান্ত গ্রহণে চেয়ারপার্সন এবং প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোটাধিকার থাকিবে। ভোট প্রদানের ক্ষেত্রে সমতার সৃষ্টি হইলে সেইক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের অধিকার থাকিবে;

৫। কমিশনের জরুরি সভা। (১) কমিশনের ওপর অর্পিত দায়িত্ব পালনের লক্ষ্যে যে কোন গুরুত্বপূর্ণ বিষয়ের ওপর স্বল্প সময়ের নোটিশে কমিশন জরুরি সভা আহবান করিতে পারিবে;

৬। সভার আলোচ্যসূচী নির্ধারণ।— (১) সাধারণ সভা ও জরুরী সভার আলোচ্যসূচি চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত হইবে। প্রয়োজনে একক আলোচ্যসূচীর ভিত্তিতেও সভা আহ্বান করা যাইবে;

(২) সভায় আলোচনার জন্য সদস্যগণ কোন বিষয় আলোচ্যসূচিতে অন্তর্ভূক্তি করিতে পারিবেন।

## তৃতীয় অধ্যায়

### কমিশনের সাধারণ সভা ও জরুরী সভায় উপস্থাপিতব্য বিষয়াবলী

৭। সিদ্ধান্তের জন্য উপস্থাপিতব্য বিষয়াবলী।— (১) প্রতিযোগিতা আইন, ২০১২ এর ধারা ৮(১)(ড) এর আলোকে নিম্নবর্ণিত বিষয়াবলী সভায় সিদ্ধান্তের জন্য উপস্থাপিত হইবে;

(২) কোন অভিযোগের ভিত্তিতে অথবা স্ব প্রণোদিতভাবে ব্যবসা প্রতিষ্ঠানসমূহের প্রতিযোগিতা বিরোধী সকল চুক্তি, কর্তৃত্বময় অবস্থান এবং অনুশীলনের তদন্ত করা;

(৩) আইনের অধীনে বর্ণিত বিধিমালা, প্রবিধানমালা, নীতিমালা ও অন্যান্য আদেশ বা পরিপত্র জারীর লক্ষ্যে বর্ণিত খসড়া অনুমোদন;

(৪) সরকারের পুর্বানুমোদনক্রমে, দেশী বিদেশী সংস্থার সাথে কোন চুক্তি বা সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষর ও সম্পাদন করা;

(৫) আইন বাস্তবায়নের লক্ষ্যে ফিস, চার্জ বা অন্যান্য কোন খরচ অনুমোদন করা;

(৬) ভোক্তাঅধিকার সংরক্ষন ও বাস্তবায়নের বিষয়ে বিদ্যমান অন্যান্য আইনের আওতায় গৃহীত কার্যক্রম পর্যালোচনা করা এবং প্রয়োজনীয় সুপারিশ প্রদান;

(৭) প্রতিযোগিতামূলক কার্যক্রম উন্নয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন প্রকার গবেষণা/জরিপ ও প্রশিক্ষন কর্মসূচী গ্রহণ করা এবং গবেষণা ও প্রশিক্ষনের জন্য উপযুক্ত মানদন্ড অনুমোদন করা;

(৮) স্টেকহোল্ডার ও জনগনের নিকট আইন এর সুফল তুলে ধরার লক্ষ্যে বহুমাত্রিক প্রচার তথা এডভোকেসি কার্যক্রম পরিচালনার অনুমোদন প্রদান;

(৯) এডভোকেসি তথা সভা, সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ এবং কমিশনের গুরুত্বপূর্ণ কার্যক্রমের ফলাফল ইত্যাদি নিউজ লেটারের মাধ্যমে প্রচারের অনুমোদন;

(১০) কোন তদন্ত বা গুরুত্বপূর্ণ কার্যধারা পরিচালনার ক্ষেত্রে অর্থনীতি, ব্যবসা বাণিজ্য অথবা অন্য কোন বিষয়ে বিশেষজ্ঞদের সহায়তা গ্রহনের ক্ষেত্রে বিশেষজ্ঞ (গণ) নির্বাচন অনুমোদন;

(১১) আউটসোর্সিং এর মাধ্যমে কোন কার্যক্রম সম্পাদন করার ক্ষেত্রে ব্যক্তি/প্রতিষ্ঠান নির্বাচন ও প্রাক্কলন অনুমোদন;

(১২)চেয়ারপার্সন, সদস্য ও কর্মকর্তাদের বিদেশ ভ্রমণ প্রতিবেদন অবহিতকরণের উদ্দেশ্যে উপস্থাপন;

(১৩) আইনের অধীনে বর্ণিত বার্ষিক প্রতিবেদন অনুমোদন;

(১৪) কমিশনের স্বল্প মধ্য দীর্ঘ মেয়াদী ও বার্ষিক কর্ম পরিকল্পনা অনুমোদন

১৫ কমিশনের কৌশলগত পরিকল্পনা অনুমোদন

(১৬) কমিশনের মধ্যমেয়াদী বাজেট কাঠামো বার্ষিক ও সংশোধিত বাজেট অনুমোদন

(১৭) গৃহিত প্রকল্প/কর্মসূচির খসড়া দলিল অনুমোদন;

(১৮) কমিশনের বার্ষিক ক্রয় পরিকল্পনা;

(১৯) জরুরী ও গুরুত্ব বিবেচনায় চেয়ারপার্সন/সদস্য কর্তৃক নির্ধারিত যে কোন বিষয় অনুমোদন;

(২০) সরকার কর্তৃক প্রেরিত প্রতিযোগিতা আইন সংক্রান্ত যে কোন বিষয় প্রতিপালন, অনুসরণ বা বিবেচনা করা;

৮। সাধারণ সভা ও জরুরি সভার কার্যবিবরণী প্রস্তুত ও অনুমোদন। (১) সচিব সাধারণ সভা ও জরূরি সভার খসড়া কার্যবিবরণী প্রস্তুত করিবেন এবং সভা অনুষ্ঠানের ৭২ ঘন্টার মধ্যে খসড়া কার্যবিবরণী চেয়ারপার্সনের স্বাক্ষরের জন্য উপস্থাপন করিবেন;

(২) সভায় অনুমোদিত খসড়া চুড়ান্তকরণপূর্বক সংশ্লিষ্ট সদস্যগণের নিকট প্রেরণ করিতে হইবে। এই কার্যবিবরণীর একটি কপি ২০ দিনের মধ্যে সরকারের নিকট প্রেরণ করিতে হইবে;

৯। ভিডিও কনফারেন্সের মাধ্যমে কমিশন সভায় অংশগ্রহণ।— (১) কোন কারণে কমিশনের সাধারণ বা জরুরি কোন সভায় অনুপস্থিত কোন সদস্য ভিডিও কনফারেন্স ও তথ্য প্রযুক্তির সম্ভাব্য অন্যান্য মাধ্যমে ঐ সভায় অংশগ্রহণ করিতে পারিবেন এবং এই অংশগ্রহণের মাধ্যমে তিনি ভোটাধিকার প্রয়োগ করিতে পারিবেন;

১০। কমিশনের সাধারণ ও জরুরি সভার ক্রমিক নির্ধারণ।— (১) কমিশনের প্রত্যেকটি সভার কার্যবিবরণীতে সভার ক্রমিক সংখ্যা উল্লেখ করিতে হইবে;

(২) সভার কার্যবিবরণীর অনুলিপি (সফট ও হার্ডকপি) ক্রমানুযায়ী ও সালওয়ারী কমিশনের গ্রন্থাগারে রক্ষিত থাকিবে;

১১। কমিশনের সভা মুলতুবিকরণ।— (১) একই দিনে সভায় উত্থাপিত আলোচ্যসূচীসমূহের ক্ষেত্রে সিদ্ধান্ত গ্রহণ সম্ভব না হইলে অথবা বিষয়সমূহ বিস্তারিত আলোচনার প্রয়োজন মনে হইলে সভার সভাপতি কারণ উল্লেখপূর্বক সভা মুলতুবি করিতে পারিবেন;

(২) মূলতুবি সভা ৭ কর্মদিবসের মধ্যে অনুষ্ঠিত হইতে হইবে;

১২। অন্যান্য কর্মকর্তাদের সভায় উপস্থিতি।— (১) কমিশনের সাধারণ ও বিশেষ সভায় কমিশন সচিব সাচিবিক সহায়তা প্রদান করিবেন এবং প্রয়োজনে চেয়ারপার্সন বা সভাপতির অনুমোদনে অন্য কোন কর্মকর্তা সভায় উপস্থিত থাকিতে পারিবেন;

১৩। সভায় বিশেষজ্ঞ ও স্টেকহোল্ডার প্রতিনিধির অংশগ্রহণ। (১) কমিশনের সভায় কোন বিষয়ে মতামত বা পরামর্শ প্রদানের জন্য বিশেষজ্ঞ পর্যায়ের কোন ব্যক্তি বা কর্মকর্তাকে আইনের ৮ (৫) ধারা অনুযায়ী সভায় উপস্থিত থাকিবার আমন্ত্রণ জানানো যাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শুভাশীষ বসু
সচিব